# বাশাআপ

# B A S H A P


শাহনূরুমা শান্তনা

শাহরিনা শান্তুমা






ভলিউম ০১

চাপ্টার ০২

বাংলাদেশ বাশাআপ এসোসিয়েশন অনুমোদিত

© Shantona Shantuma \ BASHAP \ Manga Stage \ 2018




১০০ জন শুনতে বেশি মনে হলেও হিসাব করলে বেশি না। ক্লাস হচ্ছে ৫ টা - সিক্স, সেভেন, এইট, নাইন, টেন। প্রত্যেক ক্লাসে ৪ টা সেকশন - এ, বি, সি, ডি। তাহলে মোট ২০ টা ক্লাসরুম। প্রত্যেক ক্লাসরুম থেকে ৫ জন করে পেলেই হয়ে গেল।






একটা অপরিচিত ক্লাসরুমে কথা বলবো কিভাবে? না, আমাকে বলতেই হবে!
হ্যা....হ্যালো!
কেউ তো অ্যাটেনশন দিচ্ছে না! কি করব... । না আরও জোড়ে বলতে হবে! মামারা নোটিশ নিয়ে এসে যেভাবে বলে।


সবাই মন দিয়ে শোনো, জরুরি নোটিশ আছে!
জরুরি নোটিশ!!!
আমি শব্দ সমুদ্র, ক্লাস সেভেন-বি। আমরা আমাদের সিনিয়র সেকশনে মার্শাল আর্টের ক্লাব খুলতে যাচ্ছি।
তোমরা কেউ কি আগ্রহী?
এহ্.................... কেউ তো সাড়া দিল না। কি করা যায়?
মনে হয় আমার আরেকটু গম্ভীরভাবে বলা উচিত ছিল।
ক্যাপ্টেন কে?



তোমার ক্লাসে যারা আগ্রহী তাদের নাম লিখে কালকের মধ্যে আমার ক্লাসে দিয়ে আসবে। পি.টি স্যারের আদেশ।
জ্বি ভাইয়া!
পি.টি স্যার !
হুম......
জ্বি ভাইয়া!
ওকে, এবার থেকে একটু অন্যভাবে কথা বলতে হবে।
এই ক্লাস ক্যাপ্টেন কে!
জ্বি আমি!
সবাইকে চুপ করতে বলো, জরুরি নোটিস আছে।
জ্বি ভাইয়া।


এই সবাই চুপ করো !!!!!!!!!!!!!!!!!!
সবাই মন দিয়ে শোনো, আমরা সিনিয়র ডিভিশনে মার্শাল আর্ট ক্লাব খুলতে চাচ্ছি। কেউ কি আগ্রহী?
মার্শাল আর্ট.....
চেষ্টা করা যেতে পারে।
কুল !!
আমি আগ্রহী!
ক্যাপ্টেন, নামগুলো লিখে কালকের মধ্যে আমার ক্লাসে দিয়ে আসবে, আমি শব্দ সমুদ্র, ক্লাস সেভেন-বি।
ঠিক আছে?



বুঝলাম, গম্ভীরভাবে না বললে কেউ কথা শুনে না, ভারি বিপদ! যাই হোক, সিনিয়র ক্লাসগুলোতেও নোটিশ দিতে হবে। একবার এই বিল্ডিং তো একবার ওই বিল্ডিং, একবার নিচতলা তো আরেকবার চারতলা!
IX Sci-A
A = 2bs+b2
V = 1/3 b2h
Plasmodium vivax
Copsychus saularis
এটা ক্লাস নাইন! ভয় লাগছে!



কিছু বলবে ভাইয়া?
– না মানে ভাইয়া মার্শাল আর্ট ক্লাবে....
ও, নোটিস, দাঁড়াও। এই ক্যাপ্টেন, নোটিসটা বলে দাও।
ভাইয়া!
হ্যা বলো?
ক্লাস টেনে গিয়ে কিভাবে বলবো?...
মানে কি?




আমি শব্দ সমুদ্র, ক্লাস সেভেন-বি। মার্শাল আর্ট ক্লাবে আগ্রহী ছাত্রবৃন্দ, সবাই ক্যাপ্টেনের কাছে নাম জমা দিবেন। সে নাম আমি পি.টি স্যারের কাছে জমা দিব। ২ দিনের মধ্যে নাম জমা দেবার জন্য অনুরোধ করা হল।




কিছু মানুষ কোনও দিনও পাল্টায় না।
হা হা হা !!!!!
দুই দিন হয়ে গেল, কোনো ক্লাস থেকেই তো কেউ নাম দিল না, কিন্তু আগ্রহী মানুষ তো ছিল, তবে কি হলো?



তোমাদের ক্যাপ্টেন কোথায়, মার্শাল আর্ট ক্লাবের নাম দেবার কথা ছিল।
ওহ! নাম যার কাছে সে তো আজ আসেনি।
কাগজটা কোথায় যে রাখলাম!
না..মানে... ইয়ে কাল দেই!!
কাগজ তো মোটুমিয়াকে দিয়ে পাঠিয়েছিলাম,
ও দেয় নি?
DEBATE!
Retest
B-pop Club! ox-ox
হাহ্ বুঝলাম। প্রতি ক্লাসে গিয়ে নাম আমারই লিখতে হবে। কিন্তু সমস্যা হলো ২০ টা ক্লাস ৫ দিনে কভার করা। প্রতি ক্লাসে আমার বন্ধু থাকলে একটা কথা ছিল। টিফিন টাইম ছাড়া আমি ক্লাস থেকে বের হব না, এটা আমার প্রতিজ্ঞা অপরদিকে টিফিন টাইমে সবাইকে ক্লাসে পাওয়া যায় না আর সব ক্লাস কাছাকাছিও না, কি করব?



আমার ক্লাস ও অন্যান্য মিলে মাত্র ১৫ টা নাম জোগাড় করতে পেরেছি, ৩ দিনের এই অ্যাচিভমেন্ট, এক ক্লাসে কতবার যাওয়া যায়, কি করি আমি......
কি ব্যাপার শব্দ, বড় বড় দীর্ঘশ্বাস কেন? ভয় লাগছে তো !
ওহ অমিত! তুমি কি প্লিজ মার্শাল আর্ট ক্লাবে নাম দিবে, আমার লোক দরকার।
কতজন লাগবে তোমার?
১০০
কত পেয়েছো?
১৫
হা হা হা !!! ভাই শব্দ, এভাবে এক এক করে নাম লিখতে লিখতে তুমি দাদা নানা হয়ে যাবে! তোমার বন্ধুদের বলো জোগাড় করে দিতে।


এই শব্দ! শব্দ, তুমি কি শোকে পাথর হয়ে গেলে নাকি? এই মরে যেও না ! ভাই দেখি, আমি কি করতে পারি।
সত্যি!!!
আচ্ছা, আচ্ছা ছাড়ো তুমি! গ্যারান্টি কিন্তু নাই, তবু চেষ্টা করে দেখব।
আজ নাম জমা দিতে হবে। আমি মাত্র ২৩ জন জোগাড় করতে পেরেছি। সব আশা শেষ......
শব্দ!
বলো অমিত।


কতজন হলো?
আমি ছাড়া ২৩
কাগজটাতে দেখ।
ছি....ছি..... ছিয়াত্তর !!!! কিভাবে !?
আমার কানেকশন ভালো।
আরে, তোমাকে পুরা জ্যাকি চ্যানের মত হিরো মনে হবে, হিরো!!
আরে তোর মত হ্যাংলার স্বাস্থ্য ভালো হবে!
নামটা লিখে দিলাম ব্রো!




আমি হার মানবো না, কিছুতেই না !